

২০২৬

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-8

(ছন্দ, অলঙ্কার ও প্রবন্ধ)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) স্বরবৃত্ত (দলবৃত্ত) বা স্বাসাঘাত প্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

অথবা

- (খ) অক্ষরবৃত্ত (মিশ্রকলা বৃত্ত) বা তানপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

- ২। (ক) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা দাও। এর বিভিন্ন বিভাগগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+(২+৫+৫)

অথবা

- (খ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে? উৎপ্রেক্ষা অলংকার কয় প্রকার ও কী কী? প্রতিটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+২+১০

- ৩। (ক) 'পতঙ্গ' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মানব চরিত্রের যে দুর্বলতা এবং কামনা-বাসনার স্বরূপ তুলে ধরেছেন তা নিজের ভাষায় লেখো। ১৫

অথবা

- (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মেঘদূত' প্রবন্ধে সমগ্র মানব জীবনের চিরন্তন ও শাস্ত বিরহ চেতনা কীভাবে ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

- ৪। ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)।

- (ক) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা চাঁদ যেন বলসানো রুটি।

৫

অথবা

- (খ) আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দুদণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

৫

Please Turn Over

(6714)

৫। (ক) টীকা লেখো—

৫

সমাসোক্তি অলংকার।

অথবা

(খ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো—

৫

অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।

কোন গুণ নাহি তার কপালে আগুন।।

৬। (ক) ‘পূর্ব ও পশ্চিম’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর ভারতবর্ষের ইতিহাস সম্পর্কে যে মতামত দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

৫

অথবা

(খ) ‘বইপড়া’ প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়ার প্রয়োজনীয়তা বিষয়ে যে সুচিন্তিত মতামত তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) পর্ব কাকে বলে?

(খ) দল কয় প্রকার ও কী কী?

(গ) বাংলা সনেট কে প্রবর্তন করেন?

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর কোন কাব্যে প্রথম গদ্য ছন্দ ব্যবহার করেন?

(ঙ) কোন্ ছন্দের লয় দ্রুত হয়?

(চ) একটি সভঙ্গ শ্লোক অলংকারের উদাহরণ দাও।

(ছ) ‘এমন মানব-জমিন রইল পতিত, আবাদ করলে ফলতো সোনা।’— এটি কোন অলংকারের উদাহরণ?

(জ) একটি যমক অলংকারের উদাহরণ দাও।

(ঝ) ‘ছেকানুপ্রাস’ অলংকারে ‘ছেক’ শব্দের অর্থ কী?

(ঞ) ‘কে বলে ঈশ্বর গুপ্ত, ব্যাণ্ড চরাচর,

যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর।’— কোন অলংকারের উদাহরণ?

(ট) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘মেঘদূত’ প্রবন্ধটি কোন্ গ্রন্থের অন্তর্গত?

(ঠ) প্রমথ চৌধুরীর মতে আমাদের শিক্ষার প্রধান ত্রুটি কী?

(ড) ‘পতঙ্গ’ প্রবন্ধে পতঙ্গের ‘আলো’ বলতে আসলে কীসের ইঙ্গিত দেওয়া হয়েছে?

(ঢ) ‘মেঘদূত’ প্রবন্ধে কোন্ বৈষ্ণব কবির পদের উল্লেখ আছে?

(ণ) ‘পূর্ব ও পশ্চিম’ প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্ভুক্ত?